

14228 - হজ্জ ভিসা বিক্রি করার হুকুম কি?

প্রশ্ন

প্রশ্ন: হজ্জ ভিসা বিক্রি করার হুকুম কি? যে ভিসাগুলো বের করা অনেক কষ্টসাধ্য ব্যাপার।

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

যে ব্যক্তি নিজে হজ্জ করতে চায় না তারজন্য হজ্জ ভিসা বের করা জায়েয নেই। যে ব্যক্তি হজ্জ করার ইচ্ছায় ভিসা নিয়েছেন কিন্তু পরে তাকে সিদ্ধান্ত পরিবর্তন করতে হয়েছে সে ব্যক্তির ভিসা পেতে যা খরচ হয়েছে তিনি তার খরচের দামেই ভিসাটি বিক্রি করবেন। অর্থাৎ হজ্জের ভিসা বিক্রিকে একটা ব্যবসা হিসেবে গ্রহণ করা, দুর্বল ও হজ্জ করতে তীব্র আগ্রহী মুসলমানদেরকে এর খদ্দের বানানো নাজায়েয। বরং মুসলিমের দায়িত্ব হচ্ছে- অপর মুসলমান ভাইকে ভাল কাজে সাহায্য, সহযোগিতা করা। তাদেরকে ব্যবসায়ের গুটি বানানো নয়।

আল্লাহই ভাল জানেন।